

সংযুক্তিঃ ক

উৎসে মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও জমা প্রদান সংক্রান্ত “মূল্য সংযোজন কর আইন, ১৯৯১” এর বিধানঃ

৬। পরিশোধের সময় ও পদ্ধতি।—

(৪কক) এই ধারার অধীন বিধানাবলী স্বতেও, সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে সময় সময়, নির্ধারিত কোন সেবা প্রদানকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর বোর্ড কর্তৃক, আদেশ দ্বারা, নির্ধারিত পদ্ধতিতে, সেবা প্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবা মূল্য বা কমিশন পরিশোধকারী কর্তৃক সেবামূল্যবা কমিশন পরিশোধকালে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারী ট্রেজারীতে জমা করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বৈদেশিক সাহায্যপুষ্ট কোন প্রকল্পের আওতায় কোন সেবা প্রদানকারী ব্যক্তি কর্তৃক প্রদেয় মূল্য সংযোজন কর যদি সেবা প্রহণকারী বা, ক্ষেত্রমত, সেবা মূল্যবা কমিশন পরিশোধকারী ব্যক্তি সেবা মূল্যবা কমিশন পরিশোধকালে বোর্ড কর্তৃক, আদেশ দ্বারা, নির্ধারিত পদ্ধতিতে উৎসে আদায় বা কর্তনপূর্বক সরকারী ট্রেজারীতে জমা করেন এবং উক্ত সেবা প্রদানকারী ব্যক্তিকে কর্তৃক উক্ত সমুদয় সেবা উহার অংশবিশেষ প্রদানের ক্ষেত্রে কোন সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা অন্য কোন সেবা প্রদানকারী ব্যক্তিকে কর্তৃক উক্ত সমুদয় সেবা উহার অংশবিশেষ প্রদানের ক্ষেত্রে কোন সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা নিয়োগকৃত অন্য কোন সেবা প্রদানকারী ব্যক্তিকে নিকট নিয়োগ করেন, সেইক্ষেত্রে উক্ত সেবা প্রদানকারীর সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা নিয়োগকৃত অন্য কোন সেবা প্রদানকারী ব্যক্তিকে নিকট নিয়োগ করেন, সেইক্ষেত্রে উক্ত সেবা প্রদানকারীর সাব-কন্ট্রাক্টর, এজেন্ট বা নিয়োগকৃত অন্য কোন সেবা প্রদানকারী ব্যক্তিকে নিকট নিয়োগ করেন এবং উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারী ট্রেজারীতে জমা প্রদানের হইতে, উক্ত সেবার উপর প্রাথমিক পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর আদায় বা কর্তন এবং সরকারী ট্রেজারীতে জমা প্রদানের দালিলিক প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে, পুনরায় উৎসে মূল্য সংযোজন কর আদায় করা যাইবে না।”

(৪খ) উপ-ধারা (৪কক) এর অধীন উৎসে মূল্য সংযোজন কর আদায় বা কর্তনকারী ব্যক্তি উক্তরূপ আদায় বা কর্তন সম্পর্কে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী ব্যক্তিকে অনুরূপ আদায় বা কর্তন সম্পর্কে বোর্ড কর্তৃক প্রদত্ত আদেশ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে একটি প্রত্যয়নপত্র প্রদান করিবেন, যাহাতে নিবর্ণিত তথ্যাদি অন্তভুর্ত থাকিবে, যথাঃ—

- (অ) মূল্য সংযোজন করন্তাত্ত্ব নিবন্ধন সংখ্যা;
- (আ) প্রদত্ত সেবা বাবদ পরিশোধিত মোট সেবা মূল্য বা কমিশন;
- (ই) মূল্য সংযোজন কর নিরূপণযোগ্য সেবা মূল্য বা কমিশন;
- (ঈ) আদায় বা কর্তনকৃত মূল্য সংযোজন করের পরিমাণ; এবং
- (উ) বিধি অনুযায়ী প্রয়োজনীয় অন্য কোন তথ্য।

(৪ঘ) আইনের ধারা ৫ এর উপ-ধারা (৪) এর বিধান অনুযায়ী উৎসে কর্তনকারী সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত হারের ভিত্তিতে প্রদেয় মূল্য সংযোজন কর সেবা সরবরাহকারীর নিকট হইতে সেবা প্রহণের ক্ষেত্রে উৎসে কর্তন করিবে।

(৪ঙ) উৎসে কর্তনকারী এবং পণ্য বা সেবা সরবরাহকারী, মূল্য সংযোজন করের উৎসে কর্তনযোগ্য পরিমাণের জন্য, যে. থভাবে দায়বদ্ধ থাকিবেন।

(৪চ) পণ্য বা সেবার সরবরাহকারী কর্তৃক সরবরাহের বিপরীতে প্রদেয় মূল্য সংযোজন কর আংশিক উৎসে কর্তনের ফলে সরবরাহকারী অবশিষ্ট মূল্য সংযোজন কর প্রদানের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও যদি উক্ত উপ-ধারার অধীন সেবার মূল্য বা কমিশন পরিশোধকারী ব্যক্তি মূল্য সংযোজন কর আদায়, কর্তন ও জমা প্রদানে ব্যর্থ হন তাহা হইলে,

(অ) উক্ত মূল্য সংযোজন কর, সেবার মূল্য বা কমিশন উক্ত ব্যক্তির নিকট হইতে মাসিক দুই শতাংশ হারে, সুদসহ, আদায়যোগ্য হইবে এবং উহা এইরূপে আদায় করা হইবে যেন তিনি উপ-ধারা (৪কক) এর অধীন একজন নিবন্ধিত ব্যক্তি;

(আ) উপ-ধারা (৪কক) এর অধীন উৎসে আদায়কৃত, কর্তিত ও জমাকৃত মূল্য সংযোজন কর, এই আইনের বিধানাবলী অনুযায়ী সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র বলবৎ থাকা সাপেক্ষে, ধারা ৩৫ এ উল্লিখিত দাখিলপত্রে সংশ্লিষ্ট সেবা প্রদানকারী কর্তৃক পরিশোধিত কর হিসেবে উল্লেখ করা যাইবে।